

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd


স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৯৮৭.১৭- ৪০৬

তারিখঃ ০৮ নভেম্বর, ২০২৩

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি'র ঝালকাঠি জেলার সদর উপজেলায় কর্মরত ইরেসপো'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা **জনাব তরুন কান্তি বৈদ্য** কর্তৃক প্রকল্পের বাস্তবায়ন নির্দেশিকা বর্হিভূতভাবে ঋণ বিতরণের পূর্বে যাচাইসহ ঋণ অনুমোদন ও বিতরণের প্রক্রিয়া অনুসরণ না করে অনিয়মতান্ত্রিকভাবে সরাসরি ব্যাংক অ্যাডভাইসের মাধ্যমে ঋণ বিতরণ, ঋণের জামানত হিসেবে সদস্যদের স্বাক্ষরযুক্ত পোস্ট ডেটেড চেক যথাযথভাবে সংরক্ষণ ও তদারকি না করা এবং সমিতি পর্যায়ে কোনরূপ তদারকি না করে আত্মসাতে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহায়তা ও জড়িত থাকা এবং দায়িত্ব অবহেলা, অদক্ষতা ও আর্থিকভাবে লাভবানের উদ্দেশ্যে মাঠসংগঠক জনাব ইয়াসমিন আক্তার-কে সর্বমোট **৭০,৪৫,১৫৬.০০ (সত্তর লক্ষ পঁয়তাল্লিশ হাজার একশত ছাত্তান্ন) টাকা** আত্মসাতে সুযোগ তৈরী করে দেয়ার বিষয়টি তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট জেলার উপপরিচালকের লিখিত বক্তব্য এর মাধ্যমে সুস্পষ্টভাবে প্রমাণিত হওয়ায় জনাব তরুন কান্তি বৈদ্য, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা-কে কর্মসূচি'র কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা, ২০২২ এর বিধি ২৪ (খ ও জ) মোতাবেক দোষী সাব্যস্ত করে বিধি ২৬ অনুযায়ী কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে সাময়িক বরখাস্ত করে ঝালকাঠি সদর উপজেলার বিপরীতে ভোলা জেলা দপ্তরে সংযুক্ত করা হলো।

২। কর্মসূচি'র স্বার্থে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৯৮৭.১৭- ৪০৬


তারিখঃ ০৮ নভেম্বর, ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. জনাব তরুন কান্তি বৈদ্য, এআরডিও, ইরেসপো, ঝালকাঠি সদর।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ সদর জেলাঃ ঝালকাঠি।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. উপপরিচালক, বিআরডিবি, জেলা: ঝালকাঠি/ভোলা।
৫. ব্যক্তিগত নথি।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।


শামীমা আক্তার
সহকারী পরিচালক